



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.ntrca.gov.bd



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৩ আগস্ট, ২০২১।

সভাপতি : জনাব কাজী কামরুল আহছান, পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) এবং ইনোভেশন অফিসার, এনটিআরসিএ

সময় : বেলা ১২:০০ টা।

স্থান : পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)-এর অফিস কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট-ক

ইনোভেশন অফিসার উপস্থিত ইনোভেশন টিমের সম্মানিত সকল সদস্য এবং উপস্থিত এনটিআরসিএ'র অংশীজন/সেবা গ্রহীতাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, ২০২১-২২ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক ইত:পূর্বে যে সকল উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন করা হয়েছে, সেসকল সেবার বর্তমান অবস্থা ও সেবাটি সহজিকরণ/ডিজিটাইজ/উদ্ভাবনের ফলে কি ফলাফল পাওয়া যাচ্ছে, সে বিষয়ে সংশ্লিষ্ট অংশীজনদের সাথে পর্যালোচনা সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে অধ্যকার সভা আয়োজন করা হয়েছে। তিনি এনটিআরসিএ কর্তৃক ইত:পূর্বে যে সকল উদ্যোগ/ধারণা গ্রহণ করা হয়েছে তার বর্তমান অবস্থা অবহিতকরণের জন্য ফোকাল পয়েন্ট-কে পাওয়ার পয়েন্ট প্রজেক্টেশনের মাধ্যমে উপস্থাপনের অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট আলোচ্য সূচি অনুযায়ী তার উপস্থাপনা সভায় তুলে ধরেন। সেবা গ্রহীতা/অংশীজনসহ টিম সদস্যগণ তাদের গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। অত:পর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
<b>১. বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা সংক্রান্ত</b>			
১.১ অনলাইনে দ্বি-নকল (Duplicate) নিবন্ধন সনদ প্রদানের তথ্য অবহিতকরণ	দ্বি-নকল (Duplicate) সনদ প্রার্থীদের আবেদনসমূহ নির্ধারিত ফি, জিডির কপি, একাডেমিক সনদ, প্রবেশপত্র সহকারে গ্রহণ করে যাচাইয়াত্তে প্রশাসনিক অনুমোদনের পর এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে প্রদান করা হচ্ছে। এতে সেবা প্রার্থীগণ দ্রুততার সংগে দ্বি-নকল সনদ ইস্যুর তথ্য জানতে পারছেন। এছাড়া দ্বি-নকল সনদ ইস্যুর পর প্রার্থীকে ফোন করে সনদ গ্রহণের জন্য অনুরোধ করা হচ্ছে।	উদ্ভাবিত সেবাটি বর্ণিত পদ্ধতিতে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন অনুবিভাগ

আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.২ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সুপারিশ কার্যক্রম ডিজিটাইজকৃত	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ই-নিবন্ধনকরণ, শূন্য পদের চাহিদার জন্য ই-রিকুইজিশন, শূন্য পদের চাহিদা ওয়েবসাইটে প্রকাশ, শূন্য পদের বিপরীতে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে প্রার্থী নির্বাচন ইত্যাদি কাজ ডিজিটাইজেশনের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-নিবন্ধনের পর নিবন্ধিত শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদা অনলাইনে সংগ্রহ করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শূন্য পদের চাহিদার প্রেক্ষিতে নিবন্ধিত শিক্ষকদের নিকট থেকে অনলাইনে আবেদন (ই-এ্যাপ্লিকেশন) গ্রহণ করা হয়। অতঃপর নিবন্ধিত শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষার নম্বরের আলোকে পূর্বে সৃজিত মেধা তালিকা হতে প্রার্থীদের পছন্দক্রম এবং মেধার ভিত্তিতে শূন্য পদের বিপরীতে অটোমেশনের মাধ্যমে প্রার্থী নির্বাচন করে প্রার্থী ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এসএমএস এর মাধ্যমে জানানো হয়। প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের নিরাপত্তা/পুলিশ ভেরিফিকেশনের পর নিয়োগ সুপারিশ এসএমএস এর মাধ্যমে জানানো হয়।	ডিজিটাইজকৃত সেবাটি বর্তমান পদ্ধতিতে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান অনুবিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় ইনোভেশন অফিসার ইনোভেশন টিমের উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*(স্বাক্ষর)*

(কাজী কামরুল আহছান)  
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

ও

ইনোভেশন অফিসার  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ০২-৪১০৩০১২১

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০০৯.৬০.০০১.২০- ২৪৯৬ (ক)

তারিখ: ২৬ ভাদ্র, ১৪২৮  
৩০ আগস্ট, ২০২১।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সদস্য (প্রশাসন ও অর্থ/পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন/শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
২. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৩. উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৪. সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), এনটিআরসিএ, ঢাকা।
৫. সহকারী পরিচালক, প্রশাসন (ক্রয় ও সেবা), এনটিআরসিএ, ঢাকা।
৬. পিএ টু চেয়ারম্যান, এ কার্যালয়, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

*(স্বাক্ষর)*  
৩০/০৮/২০২১  
(শেরমিন সুলতানা)

সহকারী পরিচালক, প্রশাসন (HRM)

ও

সদস্য, ইনোভেশন টিম  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ০২-৫৫১৩৮৫০৭